গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
রাজস্ব বাজেট শাখা
www.tmed.gov.bd



স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৪.০২.০২৮.১৮(অংশ)-৩০২

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩৩
০৩ আগষ্ট ২০২৬

**বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারি ও শিক্ষার্থীদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ বিতরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরের সংশোধিত পরিচালন বাজেটে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন "১৬০০১০১-১২০০০১৫১৪- শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক এবং ছাত্রবৃন্দের জন্য বিশেষ অনুদান"- এর ৩৬৩১১০৭-বিশেষ অনুদান খাতে ৮,৩০,০০,০০০/-(আট কোটি ত্রিশ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দকৃত অর্থ হতে আর্থিক অনুদান বাবদ অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারি ও শিক্ষার্থীদের নামের পাশে বর্ণিত হারে বাংলাদেশ ডাক বিভাগের ডিজিটাল ফিনান্সিয়াল সার্ভিস "বাংলাদেশ ডাক বিভাগ-নগদ"-কে এ বিভাগের সাথে সম্পাদিত চুক্তি মোতাবেক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সংযুক্ত তালিকা অনুযায়ী নিম্নোক্ত শর্তে বিতরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**<u>সংযুক্তিসমূহ:</u>**

ক) মনোনীত প্রত্যেক প্রতিষ্ঠানকে ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা করে ৪২৮টি প্রতিষ্ঠানকে মোট ১,০৭,০০,০০০/-(এক কোটি সাত লক্ষ) টাকা ।

খ) মনোনীত শিক্ষক-কর্মচারি ক্যাটাগরিতে প্রত্যেক শিক্ষক-কর্মচারিকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা করে ৮৫৩ জন শিক্ষক-কর্মচারীকে মোট ১,২৭,৯৫,০০০/- (এক কোটি সাতাইশ লক্ষ পঁচানব্বই হাজার) টাকা।

গ) মনোনীত ইবতেদায়ী (১ম থেকে ৫ম) পর্যন্ত ২৪৮৪ জন শিক্ষার্থীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে মোট ১,২৪,২০,০০০/-(এক কোটি চব্বিশ লক্ষ বিশ হাজার) টাকা।

ঘ) মনোনীত ৬ষ্ঠ হতে ১০ম (দাখিল ও ভোকেশনাল) পর্যন্ত ৩১৬৭ জন শিক্ষার্থীকে ৮,০০০/- (আট হাজার) টাকা করে মোট ২,৫৩,৩৬,০০০/-(দুই কোটি তেপান্ন লক্ষ ছত্রিশ হাজার) টাকা।

ঙ) মনোনীত এইচএসসি (বিএম) আলিম ও ডিপ্লোমা পর্যন্ত ১১২৮ জন শিক্ষার্থীকে ১০০০০/- (দশ হাজার) টাকা করে মোট ১,১২,৮০,০০০/-(এক কোটি বারো লক্ষ আশি হাজার) টাকা।

চ) মনোনীত কামিল, ফাজিলসহ তদুর্দ্ধ শ্রেণি পর্যন্ত ৫৩৭ জন শিক্ষার্থীকে ১০০০০/-(দশ হাজার) টাকা করে মোট ৫৩,৭০,০০০/-(তেপান্ন লক্ষ সত্তর হাজার) টাকা।

**:শর্তসমূহ:**

(১) চুক্তির শর্ত অনুযায়ী বাংলাদেশ ডাক বিভাগের ডিজিটাল ফিনান্সিয়াল সার্ভিস "বাংলাদেশ ডাক বিভাগ-নগদ" এর পক্ষে প্রশাসক, বাংলাদেশ ডাক বিভাগ-নগদ, ঢাকা মনোনীত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারি ও শিক্ষার্থীদের নামের পাশে বর্ণিত হারে এই আদেশ জারির ৭(সাত) কর্মদিবসের মধ্যে অর্থ বিতরণ করবেন এবং বিতরণ শেষে বিস্তারিত প্রতিবেদন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে দাখিল করবেন;

(২) কোন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী, শিক্ষার্থীদের অনুকূলে প্রদেয় অনুদানের অর্থ একটি ব্যাংক হিসাব/মোবাইল নম্বরে শুধুমাত্র একবার প্রেরণ করা যাবে। অর্থাৎ কোন ব্যাংক হিসাবে/মোবাইল নম্বরে একাধিক অনুদানের অর্থ প্রেরণ করা যাবে না;

(৩) শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দকৃত অর্থ মনোনীত শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নম্বরে প্রদান করবেন;

(৪) অব্যয়িত অর্থ ১০(দশ) কর্ম দিবসের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে এবং প্রমাণক অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।


০৩/০৮/২০২৬
মোহাম্মদ মাহমুদুল হক
উপসচিব
ফোনঃ ২২২৩৩৫৬৩৬১


প্রশাসক
বাংলাদেশ ডাক বিভাগ-নগদ
ডেল্টা ডালিয়া টাওয়ার (লেভেল-১৪)
৩৬, কামাল আতার্তুক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩।

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৪.০২.০২৮.১৮(অংশ)-**৩০২/১(২০০)**

তারিখঃ ১৯ শ্রাবণ ১৪৩৩ / ০৩ আগষ্ট, ২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।

৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

৪। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

৫। জেলা প্রশাসক, ........................................................................................................(সকল)।

৬। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। উপসচিব, বাজেট অধিশাখা-২, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। উপজেলা নির্বাহী অফিসার, ..........................................................................................(সকল)।

১০। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**

১১। জেলা শিক্ষা অফিসার, ..................................................................................................(সকল)।

১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ...............................................................................(সকল)।

১৩। চিফ একাউন্টস্ এন্ড ফাইন্যান্স অফিসার,শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

১৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩/৮/২০২৬

মোহাম্মদ মাহমুদুল হক
উপসচিব